শিল্প মন্ত্রণালয়ের অধীনে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) একটি জাতীয় অফিস হিসাবে মেধাসম্পদ বিষয়ক কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশ World Trade Organization (WTO) এর সদস্য এবং Trade Related Aspects of Intellectual Property Rights (TRIPS) এর স্বাক্ষরকারী দেশ হিসেবে World Trade Organization (WTO) এবং World Intellectual Property Organization (WIPO) কর্তৃক প্রদত্ত Guideline এর ভিত্তিতে Intellectual Property সংক্রান্ত কার্যক্রম অত্র অধিদপ্তরের মাধ্যমে সম্পাদন করে থাকে। সাবেক পেটেন্ট, অফিস ও ট্রেডমার্কস রেজিস্ট্রি অফিস দুটিকে একীভূত করে ২০/৩/২০০৪ তারিখ হতে এ অধিদপ্তরের কার্যক্রম শুরু হয়। পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের মূল কার্যক্রম হল নতুন আবিষ্কারের জন্য পেটেন্ট স্বত্ব মঞ্জুর করা, নতুন উদ্ভাবিত Industiral Design নিবন্ধন করা এবং ট্রেডমার্কস এর স্বত্ব সংরক্ষণের জন্য ট্রেডমার্কস নিবন্ধন করা এবং নতুন নতুন আবিষ্কারকে উৎসাহিত করা।

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে মোট ৬ টি ইউনিট রয়েছে, যথা- (I) Administrative Wing (ii) Patents & Designs Wing (iii) Trademarks Wing (iv) WTO & International Affairs Wing and (v) G.I Unit (vi) Information Technology Unit প্রথম ০৫ টি উইং ও ইউনিটের প্রধান হিসেবে ডেপুটি রেজিস্ট্রার ও আইটি ইউনিটের প্রধান হিসেবে সিস্টেম এনালিস্ট এবং ডিপিডিটির অফিস প্রধান হিসেবে ১ জন রেজিস্ট্রার রয়েছেন।

২. অধিদপ্তরের ইউনিট ও উইংসমূহ ঃ

(ক) পেটেন্ট ও ডিজাইন উইং ঃ

পেটেন্ট ঃ

পেটেন্ট হল কোন নতুন পণ্য আবিষ্কার বা পণ্য উৎপাদনের নতুন পদ্ধতির আবিষ্কার, যা শিল্পে প্রয়োগযোগ্য অথবা কোন কারিগরি সমস্যার কারিগরি সমাধান অর্থাৎ নতুন প্রযুক্তি। পেটেন্ট অনুমোদনের মাধ্যমে এরূপ আবিষ্কারের জন্য আবিষ্কারককে তার স্বীকৃতি স্বরূপ একটি নির্দিষ্ট সময়ের জন্য নিরঙ্কুশ স্বত্বাধিকার প্রদান করা হয়। এইরূপ স্বত্বাধিকারীর অনুমতি ছাড়া অন্য কেউ পেটেন্টকৃত আবিষ্কারের বাণিজ্যিক উৎপাদন, ব্যবহার, বিতরণ ও বিক্রি করতে পারে না।

বাংলাদেশের পেটেন্ট ও ডিজাইন আইন-১৯১১ এর আওতায় ১৬ বছরের জন্য পেটেন্ট অধিকার দেয়া হয়। পেটেন্ট এর স্বত্বাধিকারী ১৬ বছর পর্যন্ত এই নিরঙ্কুশ অধিকার ভোগ করেন। এরপর জনসাধারণের যে কেউ আবিষ্কৃত ঐ প্রযুক্তি বিনানুমতিতে ব্যবহার করতে পারেন।

ডিজাইন ঃ

উৎপাদিত দ্রব্যের সৌন্দর্য (aesthetic view) ও অলংকরণ (ornamentation) সংশ্লিষ্ট সব কিছুই ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন। কোন পণ্যের আকার, আকৃতি, উপরিতল ইত্যাদি ত্রিমাত্রিক বিষয় এবং প্যাটার্ন লাইন ও রং ইত্যাদি দ্বিমাত্রিক বিষয় ইন্ডাস্ট্রিয়াল ডিজাইনের অন্তর্গত। ডিজাইন দৃষ্টিগ্রাহ্য হয়। ডিজাইন ক্রেতাকে আকর্ষণ করে। মার্কেটে কোম্পানীর অংশ (market share) বৃদ্ধিতে সহায়তা করে। রেজিষ্টার্ড ডিজাইনের মালিক ডিজাইনটি ব্যবহারের একচ্ছত্র অধিকার সংরক্ষণ করেন। রেজিষ্টার্ড মালিকের অনুমতি ছাড়া অন্য কোন ব্যক্তি ঐ ডিজাইন ব্যবহার করতে পারে না। ডিজাইন নকল করা আইনত দণ্ডনীয়।

পেটেন্ট ও ডিজাইন আইন-১৯১১ এর আওতায় প্রথমে ০৫ (পাঁচ) বছরের জন্য ডিজাইন রেজিস্ট্রেশন দেয়া হয়। পরবর্তীতে

---

[1] বাংলাদেশ সরকারের উপ-সচিব। বর্তমানে ডিপিডিটিতে ডেপুটি রেজিস্ট্রার হিসেবে কর্মরত। ই মেইল। lablur.rahman@gmail.com

পাঁচ বছর করে আরও দুই মেয়াদে (মোট ১০ বছর) রেজিস্ট্রেশন নবায়ন করা যায়।

(খ) ট্রেডমার্ক রেজিস্ট্রি উইং ঃ

কোন উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের পণ্য বা সেবাকে অন্য উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের উৎপাদিত অনুরূপ পণ্য বা সেবা হতে পৃথক করার জন্য যে মার্ক ব্যবহার করা হয় তাই ট্রেডমার্ক। প্রতীক, চিহ্ন, শব্দ, উদ্ভাবিত শব্দ, নাম, নাম বা শব্দের সংক্ষিপ্ত আকার, প্রতিকৃতি ইত্যাদি ট্রেডমার্ক হিসেবে বিবেচিত হয়। সেবাধর্মী কাজের জন্য সার্ভিস মার্ক নিবন্ধন করা হয়।

রেজিস্ট্রার ট্রেডমার্ক/সার্ভিস মার্কের মালিক মার্কটি ব্যবহারের একচ্ছত্র অধিকার সংরক্ষণ করেন। তার অনুমতি ছাড়া অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান একই বা সাদৃশ্যপূর্ণ পণ্য/সেবার জন্য ঐ মার্ক/সাদৃশ্যপূর্ণ মার্ক ব্যবহার করতে পারবে না। ট্রেডমার্ক আইন-২০০৯ এর আওতায় বাংলাদেশে প্রথমে ০৭ (সাত) বছরের জন্য ট্রেডমার্ক রেজিস্ট্রেশন দেয়া হয়। পরবর্তীতে ১০ বছর করে অনির্দিষ্ট কাল পর্যন্ত ট্রেডমার্ক রেজিস্ট্রেশন নবায়ন করা যায়। কোন অনিবন্ধিত ট্রেডমার্ককে/সার্ভিসমার্ককে নিবন্ধিত হিসেবে ব্যবহার করা বা প্রদর্শন করা ট্রেডমার্ক আইন-২০০৯ এর বিধান অনুযায়ী দন্ডনীয় অপরাধ। কোন প্রতিষ্ঠানের ট্রেডমার্ক/সার্ভিস মার্ক নকল করে ব্যবসা করা বা ব্যবসার চেষ্টা করাও দন্ডনীয় অপরাধ।

(গ) ডব্লিউটিও ও আন্তর্জাতিক উইং ঃ

এই ইউনিট World Trade Organization (WTO) সহ বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে এই অধিদপ্তরের কর্মের সমন্বয় করে থাকে।

(ঘ) জি.আই ইউনিট ঃ

ইতোমধ্যে অত্র অধিদপ্তরে G.I Unit (Geographical Indication Unit) স্থাপন করা হয়েছে। এই ইউনিটে দেশীয় ও আন্তর্জাতিক বাজারে ভৌগলিক নির্দেশক পণ্যের সুরক্ষা প্রদানে কার্যক্রম পরিচালনা করে থাকে।

(ঙ) আইটি ইউনিট ঃ

এ অধিদপ্তরকে পূর্ণ অটোমেশনের আওতায় আনার জন্য IT Unit -এ ডাটা এন্ট্রি/অপারেটরের ৩টি শূণ্য পদের মধ্যে ২টি পদে নিয়োগ দেয়া হয়। অপর একটি পদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য সংরক্ষণ করা হয়, যাহা নিয়োগের কার্যক্রম চলছে। ১টি কম্পিউটার অপারেটর পদ ও ১টি এম এল এসএস (আউট সোর্সিং) পদ শূণ্য আছে যা নিয়োগের কার্যক্রম চলছে। এই ইউনিটের তত্ত্বাবধানে WIPO (World Intellectual Property Organization) এবং EC এর সহায়তায় IPR (Intellectual Property Rights) প্রকল্পের আওতায় DPDT(Department of Patents, Designs and Trademarks) এর আংশিক Data Capture করা হয়েছে। এছাড়াও নতুন আবেদনগুলো অন- লাইনে Receive ও Data Capturing করা এবং WIPO কর্তৃক IPAS Software এর মাধ্যমে DPDT এবং IFC (International Finance Corporation) এর মধ্যে সম্পাদিত Cooperation Agreement এর আওতায় পুরাতন ফাইলসমূহের ডাটা ক্যাপচারিং এর কাজ তত্ত্বাবধান করা হচ্ছে।

৩.অটোমেশন ঃ

ডিপিডিটির অটোমেশন কার্যক্রমের অংশ হিসাবে WIPO কর্তৃক ইতোমধ্যে IPAS Software স্থাপন করা হয়েছে। বর্তমানে DPDT এবং IFC (International Finance Corporation) এর মধ্যে সম্পাদিত Cooperation Agreement এর আওতায় পুরাতন ফাইলসমূহের ডাটা ক্যাপচারিং এর কাজ মে, ২০১২ সময়ে শুরু হয় এবং ফেব্রুয়ারি, ২০১৪ এর প্রথম দিকে শেষ হয়। বিগত ২৩/০২/২০১৪ তারিখে মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু এমপি কর্তৃক উক্ত কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। এর ফলে পুরাতন ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে অটোমেটেড পদ্ধতিতে ব্রান্ড আবেদন পরীক্ষাকরণসহ অন্যান্য কার্যাবলী সম্পাদন অধিকতর দ্রুত এবং সহজ হয়েছে।

৪.আইন সংক্রান্ত কার্যক্রম ঃ

ট্রেডমার্ক আইন, ২০০৯ ঃ

ইংরেজী ভাষায় প্রণীত পূর্বতন The Trademarks Act, 1940 রহিত করে বাংলা ভাষায় প্রণীত ট্রেডমার্ক আইন, ২০০৯ বাংলাদেশ জাতীয় সংসদে পাশ হওয়ার পর ২৪ মার্চ, ২০০৯ তারিখের গেজেটে তা প্রকাশ করা হয়েছে।

খসড়া ট্রেডমার্ক বিধিমালা:

পূর্বের The Trademarks Rules, 1963 এর স্থলে বাংলা ভাষায় প্রণীত খসড়া "**ট্রেডমার্ক বিধিমালা**" এর উপর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেছে। উক্ত মতামতের আলোকে ট্রেডমার্ক বিধিমালা পুনর্গঠনের কাজ শেষ করা হয়েছে এবং তা চূড়ান্ত অনুমোদনের জন্য শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

খসড়া পেটেন্ট আইন ঃ

পূর্বের The Patents and Designs Act, 1911 কে দুইভাগ করে বাংলা ভাষায় প্রণীত "বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩" এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে গত ১৬-৯-২০১২ খ্রিঃ তারিখে আন্তমন্ত্রণালয় সভা অনুষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। তাছাড়া খসড়া আইনটির উপর সর্বসাধারণের মতামত চেয়ে Patent Act, 2013 শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। খসড়া আইনটির উপর WIPO এর মতামত পূর্বেই পাওয়া গিয়েছে। অর্থ, বাণিজ্য, বস্ত্র ও পাট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কপিরাইট অফিস হতে ইতোপূর্বে যে সকল মতামত পাওয়া গিয়েছে তা খসড়া বাংলাদেশ পেটেন্ট আইন, ২০১৩ তে সমন্বয় করা হয়েছে। অন্যান্য মন্ত্রণালয় হতে মতামত পাওয়ার জন্য অপেক্ষা করা হচ্ছে। পাশাপাশি বিদ্যমান The Patents & Designs Act, 1911 এর সাথে খসড়া "বাংলাদেশ পেটেন্ট আইন" এর তুলনামূলক বিবরণী মেট্রিক্স আকারে তৈরী পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

খসড়া ডিজাইন আইন ঃ

পূর্বের The Patents and Designs Act, 1911 কে দুইভাগ করে বাংলা ভাষায় প্রণীত খসড়া **"ইন্ডাষ্ট্রিয়াল ডিজাইন আইন, ২০১৩"** এর উপর WIPO এর মতামত গ্রহণ করা হয়। মূল আইন The Patents & Designs Act, 1911 এর সাথে খসড়া "বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন এ্যাক্ট" এর তুলনামূলক বিবরণী মেট্রিক্স আকারে প্রেরণের জন্য শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে মেট্রিক্স আকারে তৈরী করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

Geographical Indications (GI) Act, 2013:

ভৌগোলিক নির্দেশক পণ্য(নিবন্ধন ও সুরক্ষা) আইন ২০১৩ পাশ হয়েছে এবং ১০ই নভেম্বর,২০১৩ (২৬ কার্তিক ১৪২০) বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। বর্তমানে বিধি প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে।

৫. সেমিনার:

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের আয়োজনে এবং দি চিটাগং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর সহযোগিতায় গত ২৮/০২/২০১৩ খ্রিঃ তারিখে চট্টগ্রাম চেম্বার ভবনের সভাকক্ষের "অর্থনৈতিক উন্নয়নে মেধাসম্পদের ভূমিকা" শীর্ষক দিনব্যাপী এক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, সচিব, শিল্পমন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে আলোচকবৃন্দ বিভিন্ন প্রস্তাব ও সুপারিশ তুলে ধরেন। তাঁরা সাধারণ গবেষকদের সরকারীভাবে আর্থিক সহযোগিতার প্রয়োজনীয়তা, প্রাতিষ্ঠানিক গবেষকদের বিভিন্ন ইনসেনটিভ বৃদ্ধি, উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠানের জন্য বরাদ্দ বৃদ্ধি এবং বিশ্ববিদ্যালয় ও স্বতন্ত্র গবেষনা প্রতিষ্ঠানের মধ্যে লিংকেজ তৈরির উপর গুরুত্বারোপ করেন।

৬. বিশ্ব মেধাসম্পদ দিবস উদযাপন (World Intellectual Property Day):

বিশ্বের ১৮৬ টি দেশের ন্যায় বাংলাদেশেও গত ২৬ এপ্রিল ২০১৩ মেধাসম্পদ দিবস নানাবিধ কর্মসূচির মাধ্যমে উদযাপিত হয়েছে। বিশ্বব্যাপী মেধাসম্পদ সৃষ্টি, লালন, সুরক্ষা ও তার ব্যবহারকে উৎসাহ দেয়ার লক্ষে World Intellectual Property Organization (WIPO) এর ১৮৬টি সদস্য দেশের সাথে বাংলাদেশও ২০০১ সাল হতে প্রতি বছর মেধাসম্পদ দিবস পালিত হয়ে আসছে। এই অধিদপ্তর কর্তৃক গত ২৬ এপ্রিল ২০১৩ খ্রিঃ বিশ্ব মেধাসম্পদ দিবস (World Intellectual Property Day) বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদযাপন করা হয়। এ উপলক্ষে আয়োজিত **সৃজনশীলতায় আগামী প্রজন্ম** (Creativity the next generation) শীর্ষক এক সেমিনারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্প মন্ত্রী জনাব দিলীপ বড়ুয়া প্রধান অতিথি এবং মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রী জনাব আবুল কালাম আজাদ, এমপি বিশেষ অতিথির আসন অলংকৃত করেন।

পেটেন্ট ডিজাইন ট্রেডমার্কস অধিদপ্তরের মিশন হচ্ছে ২০২১ সালের মধ্যে অধিদপ্তরকে বিশ্বমানের মেধাসম্পদ অফিসে রূপান্তর করা। এ লক্ষ্যে অধিদপ্তরটি বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। এ অধিদপ্তরের ওয়েবসাইটে মেধাসম্পদ সংক্রান্ত বিভিন্ন আইন ও বিধি এবং এ অধিদপ্তরের ব্যবহার্য বিভিন্ন ধরনের ফরম এবং আবেদনের পদ্ধতি আপলোড করা হয়েছে। অধিদপ্তরে সেবা গ্রহীতাদের সুবিধার্থে Help Desk স্থাপন করা হয়েছে। এছাড়াও অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতার আনয়নের জন্য আংশিকভাবে অটোমেশন কার্যক্রম চালু করা হয়েছে। ভবিষ্যতে পূর্ণাঙ্গ অটোমেশন কার্যক্রম চালু পরিকল্পনা রয়েছে। এসকল পদক্ষেপ বাস্তবায়িত হলে ২০২১ সালের মধ্যে অধিদপ্তরটি একটি বিশ্বমানের মেধাসম্পদ অফিসে পরিণত হবে বলে আশা করা যায়।

Implicating the TRIPS Transition for Pharmaceutical Patent:
Bangladesh in Rollback Dilemma

Dr Mohammad Towhidul Islam[1]

The dilemma of the least developed countries (LDCs) in dealing with the TRIPS is associated with the possibilities of exploiting the TRIPS flexibilities. Of such flexibilities, the provision for "the period of transition to compliance" that allows LDCs not to offer patent to pharmaceuticals until 31 December 2015 constitutes the major leeway for them. It is believed that the rationale of such exemption period lies generally in the need of promoting the creation of viable technological base by preserving the policy space for LDCs. This transition period can, however, be found to provide some strategic advantages: it may enable the LDCs having vibrant manufacturing capacity in pharmaceuticals to freely copy medicines which are not patented in LDCs and to use them for domestic consumption needs and export purposes. In an LDC like Bangladesh, the issue of patenting pharmaceuticals becomes crucial, because of its potentials of exploiting such strategic advantage.

Indeed, this fact signifies that the challenge for Bangladesh in implicating the TRIPS regime of patent is not confined to the public health concerns—it also animates the concern of economic development at the same time, especially in facilitating the promotion of its vibrant domestic pharmaceutical industries. The existing legal framework of Bangladesh in relation to patent is, however, less favorable to face up to such challenge in the way of exploiting benefits of the transition period. The main reason of this fact is rooted on the Patents and Designs Act of 1911

which historically shows a liberal approach of providing patent protection to cover a wide range of inventions even trivially modified ones that fit in the definition of "invention".

The century old patent legislation speaks for the protection of patent both for the "product and process." According to the provisions of this Act, Bangladesh is bound to provide patent protection to pharmaceuticals as product patent or process patent. Thus, Bangladesh cannot refuse to provide patent protection in pharmaceuticals by taking recourse to its relevancy with the exemption period since it is a country with an existing patent regime.

The second problem in this respect relates to the relevancy of "no rollback clause" with the present patent regime of Bangladesh. This is because Paragraph 5 of the TRIPS Council Decision of 29 November, 2005 contains "the no rollback clause" by providing that "least-developed country Members will ensure that any changes in their laws, regulations, and practice made during the ...transition period do not result in a lesser degree of consistency with the provisions of the TRIPS." The plain reading of this clause reveals that the country providing patent protection under the existing IPRs regime is impeded to get the benefit of the TRIPS transition period. Seen in this light, it can be found that Bangladesh is also barred from taking benefits of the exemption period.

[1] *Dr Mohammad Towhidul Islam is an Associate Professor of Law at the University of Dhaka, Bangladesh, and received his PhD in Intellectual Property Law from Macquarie University, Australia. E-mail: towhid@du.ac.bd*

There is no denying that this fact pushes Bangladesh in a seriously disadvantageous position in respect of raising voice from the concerns of protecting public health in general and promoting domestic pharmaceuticals industries in particular. Indeed, Bangladesh was caught up with this situation mainly because of the fact that it was too late for Bangladesh to come up with a new legislation. The Government of Bangladesh, however, took a somewhat "extra-legal" initiative to evade the implications of this disadvantages position. Surprisingly, an executive order (The Executive Order [DPDT/P&D Law/2007/74129) was issued by the Department of Patents, Designs and Trademarks (DPDT) on 7 January, 2008, which provided for the establishment of a mailbox in the DPDT with the purpose of storing patent applications in the areas of pharmaceutical products and related processes and conferring exclusive marketing rights (EMRs) to the applicants. The legality of this initiative is found to be questionable for a number of reasons: firstly, any rule related to the TRIPS cannot be implemented by such an executive order, for a treaty provision does not have any direct efficacy in Bangladesh unless such provisions are made law through an Ordinance or an Act of Parliament. Secondly and most importantly, the implication of such executive order results in rolling back from the existing regime, and thus this order can be found to conflict with the TRIPS Council Decision of 2005. Apart from the question of its legality, another problem of this order was that it did not provisionally allow generic manufacturers in Bangladesh to receive any help from the DPDT in legally utilizing the clinical test data for generics approval.

Thus, it appears that the issuance of this executive order creates confusion and further complexities in respect of implicating the TRIPS transition for pharmaceutical patent. Moreover, the ongoing policy of Bangladesh to sign Bilateral Investment Treaties (BITs) is accelerating the degree of such confusion. Because, "[t]hese BITs are considered to be the TRIPS-plus activities, since they bear the risk of extending the patent term beyond 20 years, prohibit the use of test data on drug efficacy and safety for certain periods in getting the approval of generic products, and in some cases limit the grounds for issuing compulsory licenses. Such formulations are considered to be in direct contradiction with the Doha Declaration, which aims to protect public health interests and are very costly in terms of concern for public health needs in the country." [See, Mohammad Towhidul Islam, TRIPS Agreement of the WTO: Implications and Challenges for Bangladesh, Cambridge Scholars Publishing, UK, 2013, p 131.]

However, the TRIPS Council Decision of 2013 (made on 11 June 2013) to extend the transition period until 1 July 2021 has created an opportunity for Bangladesh to reconstruct its policy of patenting in pharmaceuticals. One of the important aspects of this decision is that it has relaxed the condition of no rollback for the LDCs. In other words, the decision of 2013 allows the possibilities of refusing patent even by those members of LDCs, who already have an existing regime of intellectual property rights. There is, however, a debate of whether this extension decision is a plenary one, and applies equally to pharmaceutical patent. Professor Frederick Abbott argues in favor of its generality and says that the decision of 2013 applies to pharmaceutical patent. If this argument sustains, then Bangladesh will be able to take the benefit of the TRIPS transition period in not patenting pharmaceuticals. In doing so, the major argument for Bangladesh will come from the point that it is no longer bound to provide patent in pharmaceuticals until 1 July 2021 or when it ceases to be in the least developed category if that happens before 2021, albeit having the existing regime of providing product and process patent. In line with this argument, Bangladesh may thus come up with a fresh legislation to allow the postponement of patent protection, thereby resolving the public health concerns in general, and promoting the domestic pharmaceutical industry in particular.

চলচ্চিত্রে মেধাস্বত্ব

পারভীন সুলতানা[1]

সংস্কৃত একটি শ্লোকে বলা হয়েছে, "স্বদেশে পূজ্যতে রাজা, বিদ্বান সর্বত্র পূজ্যতে"। শ্লোকের অর্থ খুবই সহজ। রাজা তাঁর ক্ষমতা ও প্রতিপত্তির কারণে নিজ দেশে সম্মান লাভ করে থাকেন। কিন্তু যিনি প্রকৃত অর্থে বিদ্বান তিনি সম্মানিত হন সর্বত্র। এখানে বিদ্বান অর্থ কেবল পুঁথিগত কিংবা প্রাতিষ্ঠানিকভাবে কোনো শিক্ষিতের কথা বলা হয়নি। বলা হয়েছে, প্রকৃত মেধাবী বা গুণী সজ্জনের কথা, সৃজনশীলতায় যিনি অনন্য। এ জন্য কালের ইতিহাসে দেশ বিদেশে রাজন্যবর্গের নাম হারিয়ে যায়। কিন্তু যুগ যুগ ধরে যাঁরা চির অম্লান হয়ে থাকেন, তাঁরা কবি, শিল্পী, সাহিত্যিক। অর্থাৎ সৃষ্টিশীল মানুষরাই কেবল তাঁদের সৃজনী প্রতিভার গুণে অমরত্ব লাভ করেন।

আরও মজার ব্যাপার হচ্ছে, সৃজনশীলতা বা মেধা বহতা নদীর স্রোতের মতো। তাকে কখনও ধরে রাখা যায় না। আবার একই স্রোতধারা দ্বিতীয়বার চোখেও পড়ে না। বিজ্ঞানের দিক থেকেও বিষয়টি স্বীকৃত। তারমানে এই বিশ্ব ব্রহ্মাণ্ডের কোনো কিছুই একাধিক নয়। আর তাই রবীন্দ্রনাথ ঠাকুর, কাজী নজরুল ইসলাম, উইলিয়াম শেকসপিয়র, লিওনার্দো দা ভিঞ্চি, যামিনী রায়, জয়নুল আবেদিন, ইঙ্গমার বার্গম্যান অথবা সত্যজিৎ রায়ের মতো বিশ্ববরেণ্য মানুষ যুগে যুগে একজনই জন্মগ্রহণ করেন। তাঁদের সৃজনশীল মেধা বা প্রতিভার আলোয় আলোকিত হয় বিশ্বভুবন। তাই একটি দেশে জন্মগ্রহণ করেও তাঁরা বিশ্বব্যাপী নন্দিত হন।

মানুষের ভাবনাজাত সৃষ্টিই মেধা। মেধা সম্পদও বটে। মানুষের উদ্ভাবনী, সাহিত্য ও শৈল্পিক প্রতিটি কর্মই মেধাসম্পদ হিসেবে স্বীকৃত। আবার এই সম্পদ অধিকার অন্য কোনো সম্পদ অধিকারের মতো। এই অধিকার পেটেন্ট, ট্রেডমার্ক বা কপিরাইট স্বত্বাধিকারীকে তার কাজ বা বিনিয়োগ থেকে লাভবান হওয়ার সুবিধা করে দেয়। মানবাধিকারের সার্বজনীন ঘোষণার ২৭ নম্বর অনুচ্ছেদে এ ধরনের অধিকারের কথা উল্লেখ করা হয়েছে।

মেধাসম্পদের গুরুত্বের বিষয়টি সর্বপ্রথম ১৮৮৩ সালে 'প্যারিস কনভেনশন ফর দা প্রটেকশন অব ইন্ডাস্ট্রিয়াল প্রোপার্টি' এবং ১৮৮৬ সালে 'বার্ন কনভেনশন ফর দা প্রটেকশন অব লিটারারি অ্যান্ড আর্টিস্টিক ওয়ার্কস'-এ স্বীকৃতি লাভ করে। আর এই চুক্তি দু-টিই এখন পরিচালনা করছে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা– বিশ্ব মেধাসম্পদ সংস্থা (World Intellectual Property Organization)। প্রতিবছর ২৬ এপ্রিল এ সংস্থাটির আহ্বানে বিশ্বব্যাপী 'মেধাসম্পদ দিবস' পালিত হয়। বাংলাদেশেও এ বছর শিল্প মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন কপিরাইট অফিস, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর যৌথ উদ্যোগে দিবসটি পালিত হচ্ছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য– 'মুভিজ: এ গ্লোবাল প্যাশন'।

বলতে দ্বিধা নেই, শিল্প-সংস্কৃতির সবচেয়ে বিস্ময়কর এবং সমৃদ্ধ মাধ্যম চলচ্চিত্র। চলচ্চিত্র নিয়ে মানুষের ভাবনা-চিন্তা এবং আগ্রহের শেষ নেই। অনেক আবেগ, উচ্ছ্বাসও রয়েছে এই মাধ্যমটিকে ঘিরে। তাই চলচ্চিত্র এখন 'গ্লোবাল প্যাশন'-এ পরিণত হয়েছে। আধুনিক তথ্য প্রযুক্তির এই যুগেও শত বছরের পুরনো চলচ্চিত্রশিল্প কীভাবে মেধাসম্পদ

[1] চিত্রনাট্য প্রাবন্ধিক। E-mail: psultana63@yahoo.com

হয়ে ওঠে, তা জানতে হলে আমাদেরকে অবশ্যই এই শিল্পটির নির্মাণশৈলীর দিকে ফিরে তাকাতে হবে। চলচ্চিত্রের স্ক্রিপ্ট বা পাণ্ডুলিপিথেকে শুরু করে এর প্রদর্শন পর্যন্ত প্রায় সবগুলো স্তরই অত্যন্ত সৃজনশীল। একজন চিত্রনাট্যকার যখন চলচ্চিত্রের জন্য চিত্রনাট্য রচনা করেন, তখন সেই রচনাটি অবশ্যই তাঁর মৌলিক ও সৃষ্টিশীল। হতে পারে, সেটি কোনো বিদেশি ছবির ভাবনা থেকে অনুপ্রাণিত। কিন্তু চিত্রনাট্যকার যখন সেটি আপন মনের মাধুরি মিশিয়ে রচনাকর্মে মনোনিবেশ করেন, তখন সেটি একান্তই তাঁর নিজস্ব শিল্পকর্ম। এরপর চিত্রনির্মাতার প্রসঙ্গ আসে। একজন চিত্রনির্মাতা চিত্রনাট্যে তাঁর নিজস্ব চিন্তা চেতনার রঙ মিশিয়ে সম্পূর্ণ ছবিটি নির্মাণ করেন। চিত্রনাট্য তাঁর নিজের রচনা হলেও নির্মাণে সেই শিল্পকর্মটি নতুন মাত্রা লাভ করে। এরপর আসে অভিনয়শিল্পের প্রসঙ্গ। চিত্র পরিচালকের নির্দেশনা সত্ত্বেও অভিনেতা-অভিনেত্রীরা চলচ্চিত্রে যে অভিনয় শিল্পটি মেলে ধরেন, সেটিও তাঁর একান্ত মৌলিক সৃষ্টিকর্ম।

এরপর আসে চলচ্চিত্রের কুশলীদের কথা। চিত্রগ্রাহক, আলোক নিয়ন্ত্রক, চিত্র সম্পাদক, রূপসজ্জাকর, শিল্প নির্দেশক সঙ্গীত পরিচালক প্রমুখ কুশলীবরা প্রত্যেকেই নিজেদের অবস্থানে থেকে দায়িত্ব পালন করে থাকেন। এখানেও তাঁদের সৃজনশীলতার মূল্য অপরিসীম। পরবর্তী পর্যায়ে চলচ্চিত্রটি প্রদর্শন উপযোগী করে তোলার বিভিন্ন স্তরে যাঁরা কাজ করেন, তাঁদের অবদানও কম নয়। বলতে গেলে, তাঁদের কর্মকুশলতার ওপরই চলচ্চিত্রের ভবিষ্যৎ নির্ভরশীল। কারণ ছবিটির চিত্রনাট্য, অভিনয় ও নির্মাণশৈলী যতো ভালোই হোক না কেন, সেটি যথাযথভাবে প্রদর্শিত হবার সুযোগ না পেলে মূল্যহীন। বিভিন্ন মাধ্যমে প্রকাশিত ও প্রচারিত চলচ্চিত্র কলা-কুশলীদের সাক্ষাতকার থেকে আমরা তাঁদের সৃজনশীলতার তথ্য জানতে পারি। জানতে পারি, কীভাবে তাঁরা অনুপ্রাণিত হয়েছেন অথবা নিজের সেরা কাজটি উপস্থাপন করেছেন।

হলিউড সিনেমার প্রায় প্রথম দিকের প্রখ্যাত শিল্পী স্যার চার্লস স্পেনসার চ্যাপলিন জুনিয়রকে (Sir Charles Spencer Chaplin, Jr.) আমরা আজও মনে রেখেছি। অবশ্য বিশ্ব জুড়ে তিনি আজ কেবল 'চার্লি চ্যাপলিন' নামেই বেশি পরিচিত। হলিউড সিনেমার প্রথম থেকে প্রায় মধ্যকালের বিখ্যাত শিল্পীদের একজন চ্যাপলিন পৃথিবী সেরা একজন চিত্র পরিচালক হিসেবেও প্রশংসিত। চলচ্চিত্রের পর্দায় তাঁকে এখনও সর্বশ্রেষ্ঠ মূকাভিনেতা ও কৌতুকাভিনেতা মনে করা হয়। চলচ্চিত্রের নির্বাক যুগে চ্যাপলিন নিজের ছবিতে নিজে অভিনয় করেছেন। ছবি পরিচালনা এবং প্রযোজনাও করেছেন নিজে।

আজও চলচ্চিত্র দর্শক তাঁকে মনে করলেই সবার চোখের সামনে যেন চাপা কোট, বড়ো ফুলপ্যান্ট-জুতো, মাথায় হ্যাট পরা আর হাতে ছড়ি ধরা ছবিটি ভেসে ওঠে। তাঁর ভুবন বিখ্যাত টুথব্রাশ গোঁফটির জন্যেও তিনি স্মরণীয়। এভাবে ভবঘুরের চরিত্রে অভিনয় করেও বিশ্ব চলচ্চিত্রের ইতিহাসে একজন মেধাবী শিল্পী হিসেবে পরিচিত তিনি। চ্যাপলিন তাঁর আত্মজীবনীকে খুব চমৎকার করে লিখেছেন, প্রবল বঞ্চনার ভিতর দাঁড়িয়েও কী করে পৃথিবীকে ভালোবাসতে হয়, সেই শিক্ষা তিনি পেয়েছিলেন। আর এই শিক্ষা পেয়েছিলেন মায়ের কাছ থেকে। চ্যাপলিনকে প্রশ্ন করা হয়েছিলো, শিল্প কী? চ্যাপলিন এবারও চমৎকার উত্তর দিয়েছিলেন। বলেছিলেন, শিল্প হচ্ছে পৃথিবীর কাছে লেখা এক সুলিখিত প্রেমপত্র। জীবনে চরম সুখ-কষ্টের মধ্য দিয়ে চলতে হয়েছে তাঁকে। কিন্তু তা সত্ত্বেও শিল্পের দিক থেকে মুখ ফেরাননি কখনও। আর এ জন্যই বোধহয় এতো দিন পরও সিনেমার ইতিহাসে চ্যাপলিন প্রাসঙ্গিক একটি চরিত্র। বলতে দ্বিধা নেই, চলচ্চিত্রে তাঁর অসামান্য প্রতিভাই তাঁকে ইতিহাসের পাতায় স্থান করে দিয়েছে। আর তাই তিনি আজও স্মরণীয়।

আমাদের চলচ্চিত্রেও রয়েছে এমন অনেক মেধাবী মুখ। চলচ্চিত্রের জন্য যাঁরা তাঁদের জীবনের প্রায় সবটাই উৎসর্গ করেছেন। আমরা আমাদের প্রয়াত অনেক কৃতী কলা-কুশলীকে গভীর শ্রদ্ধাসহকারে আজও স্মরণ করি। জহির রায়হান, আলমগীর কবির, খান আতাউর রহমান, আবদুস সামাদ, সমর দাস, সত্য সাহা, খান জয়নুল, রওশন জামিল, বেবী ইসলাম, শেখ নিয়ামত আলী, আনোয়ার হোসেন প্রমুখ সবাই বাংলা চলচ্চিত্রে নিজেদের অবস্থানে যেন এক একজন এক একটি মাইল ফলক। এঁরা প্রত্যেকেই বাংলাদেশের চলচ্চিত্রের অন্যতম কুশলব। এঁদের কেউ

নির্মাণে, কেউ অভিনয়ে, কেউ সঙ্গীতে অথবা চিত্রগ্রহণে আমাদের চলচ্চিত্রকে সমৃদ্ধ করেছেন। তাই তাঁদের অবদান এখন সম্পদ হিসেবে বিবেচিত। এই সৃষ্টিশীল সম্পদের স্বত্ব একান্তই তাঁদের। আর এই স্বত্ব নির্ধারণের মধ্য দিয়েই মূলত উদ্ভাবনী সৃষ্টিশীলতাকে পুরস্কৃত করা হয়। সৃষ্টিশীল সজ্জন ব্যক্তিবিশেষের মেধাসম্পদের স্বীকৃতি গোটা সমাজকেই উদ্দীপ্ত করে। এতে সমাজের নবীন প্রজন্ম অনুপ্রাণিত হওয়ারও সুযোগ পায়।

প্রতি বছর বিভিন্ন দেশে বিভিন্ন ভাষায় নির্মিত হয় অসংখ্য চলচ্চিত্র। দর্শক হিসেবে পুরো বিশ্বের সবাই এই সৃষ্টিশীল নির্মাণশিল্পের ভোক্তা। কারণ সবারই সেই ছবি দেখার এবং সেই ছবি থেকে আনন্দ উপভোগ করার অধিকার রয়েছে। কিন্তু যাঁরা সিনেমা থেকে আমরা আনন্দ উপভোগ করবো, তাঁর সিনেমা বা শিল্পকর্মটির প্রতি আমাদের অবশ্যই মনোযোগী হতে হবে। তাঁর শিল্পকর্মটির জন্য প্রাপ্য স্বত্বটুকুও দিতে হবে তাঁকে। যদি কোনো সমাজব্যবস্থায় মেধাসম্পদের স্বত্ব বলে কিছু না থাকে, তবে সেই সমাজ কখনও আলোকিত হতে পারে না। কারণ মেধাসম্পন্ন মানুষরাই তো সমাজের আলোকবর্তিকা। তাঁদের যথাযথ মূল্যায়ন না থাকলে তাঁরা সেই সমাজে আলো জ্বালাবেন কেন? আসলে সমাজের প্রতিভাবান ও মেধাবী মানুষদের প্রতি যথার্থ শ্রদ্ধা প্রদর্শন করে প্রকারান্তরে আমরা আমাদের নিজেদেরকেই তো সম্মানিত করছি।

- আপনার মেধাস্বত্ব সংরক্ষণ করুন।
- আপনার মধ্যে সুপ্ত অসীম মেধাকে মেধাসম্পদে পরিণত করুন।

চলচ্চিত্র, একটি বৈশ্বিক উদ্দীপনা ও সৃজনশীলতা

মোস্তাফা জব্বার[১]

২৬ এপ্রিল বিশ্ব মেধাসম্পদ দিবস পালনের মূল বিষয় বা প্রতিপাদ্য হিসেবে ২০১৪ সালে বিশ্ব মেধাসম্পদ সংস্থা চলচ্চিত্র, একটি বৈশ্বিক উদ্দীপনা-কে নির্ধারণ করেছে। বিশ্ব মেধাসম্পদ সংস্থার পক্ষ থেকে এ ধরনের প্রতিপাদ্য নির্ধারণ কিছুটা নাটকীয়তো অবশ্যই। জাতিসংঘের বিশেষায়িত এই সংস্থাটি বিশ্ব মেধাসম্পদ দিবসে বরাবর যে ধরনের প্রতিপাদ্য নির্ধারণ করে থাকে, চলচ্চিত্রকে প্রতিপাদ্য হিসেবে গণ্য করাটা তার চাইতে কিছুটা ব্যতিক্রমতো বটেই। তবে শতবর্ষ প্রাচীন এই সৃজনশীল কাজটির প্রতি দৃষ্টি আকর্ষণ করে বিশ্ব মেধাসম্পদ সংস্থাটি বিশ্বের বিশেষ ধরনের সৃজনশীল মানুষ, তাদের মেধা ও সম্পদকে সম্মানিত করেছে, যারা চলচ্চিত্রের সাথে যুক্ত। বাস্তবতা হলো বিশ্বের কোটি কোটি মানুষ এই শিল্পের ভোক্তা এবং লক্ষ লক্ষ মানুষের জীবন জীবিকার উৎস এই শিল্পটি। দুনিয়ার এমন কোন দেশ, এমন কোন শহর বা প্রান্ত নেই যেখানে চলচ্চিত্র কোন না কোন স্তরের আলোড়ন, কোন না কোন ধরনের উদ্দীপনা তৈরি করেনা। চলচ্চিত্র সোয়া শতক আগের উদ্ভাবন হলেও এটি ধারণ করে একুশ শতকের মাল্টিমিডিয়ার প্রায় সকল উপকরণ। সিনেমার চলমানতা, এর সাউন্ড, এর গ্রাফিক্স, এর বিশেষায়িত এফেক্টস, জীবনকে রূপায়িত করার মতো অভিনয়, সবই আধুনিক জীবনধারার অনুসঙ্গ। কেবলমাত্র ডিজিটাল প্রোগ্রামিং যন্ত্রের প্রোগ্রামিং সক্ষমতা যোগ করলে এটি হয়ে যায় ইন্টারএ্যাকটিভ মাল্টিমিডিয়া। কালক্রমে ফিল্মভিত্তিক প্রযুক্তি ডিজিটাল প্রযুক্তি যুক্ত হবার ফলে সিনেমা কেবল যে সময়ের সাথে টিকে আছে তাই নয়, বরং তৈরি করেছে এক নতুন সম্ভাবনা। এরই মাঝে সিনেমা দ্বিমাত্রিকতা ছাড়িয়ে ত্রিমাত্রিকতার যুগে দাপটের সাথে পৌছেছে। কেউ কেউ এর ফোর ডি সম্পর্কেও আশাবাদ ব্যক্ত করছেন। সিনেমার দৃশ্যাবলীর সাথে প্রকৃত বাতাস, প্রকৃত গন্ধ, পানি বা বুদবুদ হয়তো পৌছে যাবে দর্শকের কাছে। দিনে দিনে প্রসারিত হচ্ছে এর সৃজনশীলতার রূপ এবং এই শিল্প পাচ্ছে নতুন মাত্রা। ধারণা করা হয়েছিলো যে, টিভি বা ভিডিও আসার পর হয়তো সিনেমা নামক প্রচলিত শিল্পখাতটি হারিয়ে যাবে। কিন্তু টিভি-ভিডিওর অব্যাহত অগ্রযাত্রার যুগেও এমনকি সিনেমা হলে বসে সিনেমা দেখার আবেদন ফুরিয়ে যায়নি। যদিও বাংলাদেশেও সিনেমা হলগুলো শপিং মল বা আবাসস্থলে পরিণত হচ্ছে, তথাপি সিনেমা বানানোর চাহিদা সম্ভবত কখনও কমবেনা। সিনেমা দেখার উপায় বদলালেও এই শিল্পমাধ্যমটি আরও বহু বহু দিন তার জয়যাত্রা অব্যাহত রাখবে। আমরা সেই মূক ও মুখোশের যুগ থেকে বাংলা সিনেমার বাংলাদেশী বিকাশ বেশ অব্যাহতভাবেই দেখে আসছিলাম। তবে পাইরেসির জন্য এই শিল্পটি এখন বিশাল চ্যালেঞ্জের মুখে পড়েছে।

চলচ্চিত্রেরই নতুন সংস্করণ ভিডিও প্রথমে তাকে এনালগ যন্ত্র বা টেপে ও পরে ডিজিটাল মিডিয়া সিডি-ডিভিডিতে রূপান্তর করেছে। এটি এখন এমনকি ইন্টারনেটেরও উপাত্ত। ইউটিউব নামক এক অভাবনীয় প্রকাশ মাধ্যম এখন সারা দুনিয়ার চলচ্চিত্রকে এক বোতামের নিচে নিয়ে এসেছে। সিনেমার আধুনিকতম রূপ, ধারাবাহিক টিভি নাটক, নাটক, প্রামাণ্য চিত্র, প্রশিক্ষণ উপকরণ আমাদের এখনকার দিনের অতি প্রয়োজনীয় বিষয়। আমরা বাংলাদেশেও এর প্রবল বিস্তার দেখতে পাই। টিভি বা ডিজিটাল যন্ত্র সেই সিনেমাকেই বহনযোগ্য, চলমান ও পকেটের বিষয়ে পরিণত করেছে। ফলে চলচ্চিত্রকে একুশ শতকের বিনোদনের হৃদস্পন্দন হিসেবে ভাবতে অসুবিধা নেই। বাংলাদেশের বিদ্যমান অবস্থার আলোকেও এটি খুবই গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ বিষয়। বিশেষ করে বাংলাদেশে সিনেমার মেধাসম্পদ সুরক্ষা করা একটি বড় ধরনের চ্যালেঞ্জ। সেজন্যই আমাদের বিশ্ব মেধাসম্পদ সংস্থার প্রতিপাদ্যকে দেশীয় প্রেক্ষিত বিবেচনায় রেখেই আলোচনা করতে হবে।

---

[১] তথ্যপ্রযুক্তিবিদ, কলামিস্ট, দেশের প্রথম ডিজিটাল নিউজ সার্ভিস আবাস-এর চেয়ারম্যান- সাংবাদিক, বিজয় কীবোর্ড ও সফটওয়্যার এবং ডিজিটাল বাংলাদেশ-এর প্রণেতা ; ই-মেইল : mustafajabbar@gmail.com, ওয়েবপেজ: www.bijoyekushe.net; www.bijoydigital.com

১৮৯০ সালের দিকে শুরু হওয়া বিশ্ববাসীর দৈনন্দিন জীবনের অতি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ চলচ্চিত্র অনুসঙ্গটি নির্বাক অবস্থাতেই যাত্রা শুরু করে। ১৮৯৫ সালে লন্ডনে লুমিয়ের সিনেমা দেখানোর পর সেটি ইউরোপে ব্যাপক আলোড়ন তুলে। পরের শতকে ১৯২৭ সালে চলচ্চিত্রে সাউন্ড বা শব্দ যুক্ত হয় এবং এই সৃজনশীল মাধ্যমটির সোয়া শতকের অভিযাত্রায় এটি আমাদের নিত্যসঙ্গীতে পরিণত হয়েছে। ভারতবর্ষে এই শিল্পটি ব্যাপক আলোড়ন তুলেছে। হিন্দী সিনেমা জগতকে ইংরেজি ছবির জগতের চাইতে ছোট করে দেখার কোন অবকাশ নেই। হলিউড হোক, বলিউড হোক, টালিউড হোক বা হোক ঢালিউড! সিনেমা আমাদের অঞ্চলের সাধারণ মানুষের স্বপ্ন-কল্পনা-বিনোদন ও উদ্দীপনার বিষয় হয়ে আছে। বাংলাদেশে আমরা মুখ ও মুখোশের সময়কাল থেকে এখন পর্যন্ত সিনেমার যে সম্রাজ্য গড়ে তুলেছি তা কেবল একটি স্বীকৃত শিল্প নয় বরং এটি এখনও আমাদের সংস্কৃতি জগতের আত্মা হিসেবে কাজ করে থাকে।

বাংলাদেশে মেধাসম্পদ বা সৃজনশীলতার মর্যাদা তেমন নেই। বাস্তবে সৃজনশীল কাজকে এখানে তেমনভাবে সুরক্ষা প্রদান করা হয়না এবং সৃজনশীল কাজ সৃষ্টিতেও তেমন প্রণোদনা নেই। বরং বিষয়টি বিপরীত দিকেই ধাবিত হচ্ছে। এদেশে মেধাসম্পদের যেসব খাত আছে তার সবকটাতেই নাজুক পরিস্থিতি বিরাজ করে। বস্তুত দেশটিকে মেধাসম্পদ চুরি বা মেধাস্বত্ব লঙ্ঘনের স্বর্গরাজ্য বললে ভুল বলা হবেনা। বিষয়ভিত্তিক আলোচনা করলে দেখা যাবে যে, এখানে বই ফটোকপি হওয়া থেকে নকল বই প্রকাশ করাটাও এখানে খুব সহজ ও স্বাভাবিক কাজ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নাকের ডগায় নকল বই বিক্রি হয় কিন্তু ব্যবস্থা নেবার কেউ নেই। গান বা চলচ্চিত্রের একটি কপি কোনভাবে প্রকাশিত হয়ে যাবার পর সেটির নকল রাস্তাঘাট থেকে বাণিজ্য বিতান পর্যন্ত অবাধে বিক্রি হয়। পেন ড্রাইভ, সিডি-ডিভিডিতো আছেই মোবাইলের রিং টোন হিসেবে মাল্টি ন্যাশনাল বহুজাতিক কোম্পানীগুলো মেধাসম্পদ লঙ্ঘন করলেও তার বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়না। এদেশে সফটওয়্যারের কোন মেধাস্বত্ব কাজই করেনা। বরং অরিজিনাল সফটওয়্যার ব্যবহার করাকে বোকামি মনে করা হয়। দেশে সফটওয়্যার শিল্পের বিকাশ না হবার পেছনে একটি অন্যতম দুর্বলতা হচ্ছে মেধাস্বত্বের সংরক্ষণ করার বিষয়ে সচেতনতা না থাকা। আমি নিজে ব্যক্তিগতভাবে টের পাই সফটওয়্যার পাইরেসি কি ভয়ংকরভাবে নতুন উদ্যোগ বা প্রতিষ্ঠিত ব্যবসাকে আঘাত করতে পারে। এখানে এমনকি মেধাস্বত্ব অধিকার করাটাই অপরাধ হিসেবে বিবেচিত হয়। বারবার দেখেছি যে এখানে চোরের মায়েরই বড় গলা। শিল্প বিষয়ক মেধাসম্পদের অবস্থাও এখানে নাজুক। এদেশে প্যাটেন্ট, ডিজাইন, ট্রেডমার্ক বিষয়ে খুব স্বল্প সচেতনতা বিরাজ করে। নকল পণ্য দিয়ে গড়ে ওঠে দেশের বাজার।

কৃষিভিত্তিক একটি দেশে মেধাসম্পদ নিয়ে সচেতনতা গড়ে ওঠার বিষয়টি বিলম্বিত হওয়া স্বাভাবিক। কারণ মেধাসম্পদের ধারনাটি কৃষিযুগের পরে শিল্পযুগের প্রসারের পর থেকেই বিকশিত হতে থাকে। কৃষিযুগে মানুষ তার সৃজনশীলতার সাথে আবহাওয়া ও প্রকৃতিকেই অনেক বেশি যুক্ত রেখেছে। নিজের সৃষ্টির সুযোগটা তার তখন প্রায় ছিলোইনা। আদি যুগে মানুষের পাথরের বা ধাতুর তৈরি হাতিয়ারগুলো মূলত আত্মরক্ষা ও খাদ্য আহরণেই কাজে লাগতো। কৃষিযুগে সেই হাতিয়ারগুলো বদলালেও আধুনিক মানুষের সৃজনশীলতার সাথে তার শিল্পযুগোত্তর ভাবনা, জীবনধারা ও হাতিয়ারগুলোর সম্পর্ক রয়েছে। আমরা শিল্প যুগটাকে মিস করেছি বলে মেধাসম্পদের সেই গুরুত্বটা আমাদের সমাজে বিকশিত হয়নি। তবে ইংরেজ শাসনামলে আমরা ইউরোপীয় সমাজ ও রাষ্ট্রের যেসব প্রভাবে প্রভাবিত হই তার মাঝে শিক্ষাকে সবার ওপরে রাখতে হবে। শিক্ষার মতোই আরও অনেক বিষয় যেমন মেধাসম্পদ বিদেশীরা তাদের স্বার্থেই রক্ষা করার জন্য আইনী কাঠামো গড়ে তুলে। আমাদের দুর্ভাগ্য যে, এখন পর্যন্ত আমরা ইংরেজ আমলের সেইসব আইনী কাঠামোগুলোকে হালনাগাদ করতে পারিনি। আমরা কপিরাইট আইন ও ট্রেড মার্ক আইন নতুনভাবে তৈরি করতে পারলেও প্যাটেন্ট ডিজাইন আইন আমরা এখনও নবায়ন করতে পারিনি। যদিও আমরা জিওগ্রাফিক্যাল ইনডিকেশন আইন তৈরি করতে পেরেছি তবুও কপিরাইট আইনে লোক শিল্প বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করতে পারিনি।

আমি নিজে মনে করি মেধাসম্পদ কার কোথায় কিভাবে বিরাজ করে সেটি নিয়েও আমরা সচেতন নই। যেমন ধরা যাক চলচ্চিত্রের কথাই। এতে চিত্রনাট্য থাকে, থাকে সিনেমাটোগ্রাফি, তাকে শিল্প নির্দেশনা, থাকে পোশাকের ডিজাইন, অভিনয় ও প্রয়োজনা। আমরা কি জানি এতো সব বিষয়ের মাঝে কোন শিল্পের মেধাস্বত্ব কার? এমন জটিল আরও বিষয় রয়েছে। আমরা এখনও বিতর্ক করি মিউজিকের মেধাস্বত্বের কোন অংশটি কার বা কে কতোটা অংশ পায়। অন্যদিকে কোন মেধাসম্পদ যখন বিভিন্ন মিডিয়ায় প্রচারিত বা প্রকাশিত হয় তখন তাতে কিভাবে মেধাস্বত্ব রক্ষা করা যায় সেইসব বিষয় নিয়েও আমাদের ধারনা স্পষ্ট নয়।

অন্যদিকে মেধাসম্পদের নিবন্ধন, বাস্তবায়ন, মেধা সম্পদ লংঘনের বিরুদ্ধে আইন প্রয়োগ ইত্যাদি বিষয়ে আমাদের অক্ষমতা পীড়াদায়ক। এই ক্ষেত্রে আমাদের অবকাঠামোগত সক্ষমতা গড়ে তোলার বিষয়টি বস্তুত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে গণ্য হয়না। জনবল থেকে শুরু করে প্রযুক্তিগত সুযোগ সুবিধার অপ্রতুলতা আমাদেরকে হতাশ করতেই পারে। সবচেয়ে বড় হতাশার কারণ হতে পারে মেধাসম্পদ নিয়ে আমাদের সচেতনতার অভাব। সাধারণ জনগণতো বটেই, আমাদের শিল্পোদ্যা, ব্যবসায়ী, শিক্ষাবিদ, সৃজনশীল কাজে লিপ্ত জনগোষ্ঠী এবং মেধাসম্পদ ব্যবহারকারীরা বস্তুত অদৃশ্য এই সম্পদকে সম্পদ হিসেবেই বিবেচনা করেন না।

আমরা অনুভব করতেই পারিনা যে, কোটি কোটি টাকায় তৈরি করা একটি চলচ্চিত্র যদি কেউ একজন সিনেমা হল থেকে কপি করে সিডি-ডিভিডিতে, পেন ড্রাইভে বা ইন্টারনেটে ফ্রি বিতরণ করে তবে প্রযোজকের কোটি টাকার বিনিয়োগ ওঠে আসবে কোন পথে। প্রযুক্তিগত উৎকর্ষতার ফলে একসময়ে পাইরেসি যতো কঠিন ছিলো এখন আর তেমনটি নেই। ডিজিটাল যন্ত্রপাতি ও প্রযুক্তির ফলে মেধাসম্পদ লঙ্ঘনের মতো ডিজিটাল অপরাধ করাটাও অনেক সহজ হয়ে পড়েছে। কিন্তু এ ধরনের অপরাধ মোকাবেলা করার মতো সক্ষমতা রাষ্ট্রযন্ত্রের এখনও হয়নি। তবে সবচেয়ে বড় অসুবিধা হলো যে, মেধাসম্পদের গুরুত্বটি আমরা অনুধাবন করতেই পারছিনা। আমি মনে করি, আমাদের আর দেরি করার সময় নেই। পাইরেসির জন্য আমাদের পুস্তক প্রকাশনা, সফটওয়্যার ইন্ডাস্ট্রি, সঙ্গীত ও চলচ্চিত্রসহ সকল সৃজনশীল খাত চরমভাবে বিপন্ন। এজন্য আমাদেরকে মেধাসম্পদের সুরক্ষার ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিল্প বা বাণিজ্য বিষয়ক মেধাসম্পদের সুরক্ষা ছাড়া আমরা যে ডিজিটাল যুগে টিকতে পারবনা সেটিও আমাদেরকে বুঝতে হবে। আমরা যে ট্রিপস চুক্তি বা অন্যান্য আন্তর্জাতিক চুক্তি মেনে চলতে বাধ্য সেই কথাটিও আমাদেরকে ভাবতে হবে। সবচেয়ে বড় কথাটি হলো, কেবলমাত্র বছরে একদিন একটি মেধাসম্পদ দিবস পালন করে আমরা বিদ্যমান অবস্থা বদলাতে পারবনা। আমাদেরকে বছরের ৩৬৫ দিনই মেধাসম্পদ সুরক্ষার লড়াই করতে হবে। কেবলমাত্র সরকারের দিকে তাকিয়েও আমরা আমাদের মেধার লালন করতে পারবনা, আমাদেরকেই নিজেদের কাজ নিজেদেরকে করতে হবে। আমাদেরকেই ভাঙতে হবে সৃজনশীলতার রুদ্ধদ্বার।

সৃজন কুশলতায় অনন্য মাধ্যম চলচ্চিত্র

শ্যামল দত্ত[১]

'তুমি কেমন করে গান করো হে গুণী,
আমি অবাক হয়ে শুনি কেবল শুনি'...

অপূর্ব সুর-মাধুর্য কেবল অবাক হয়েই শুনতে হয়। একইভাবে অসাধারণ কোনো চিত্রকলার সামনে এসে দর্শক যেন ভাষা হারিয়ে ফেলেন। এভাবেই যুগ যুগ ধরে মহৎ শিল্পকর্ম মানুষকে মুগ্ধ করে। কখনও সেই শিল্পের সৌন্দর্য তার দৃষ্টিকে মুগ্ধ করে আবার কখনও দর্শক মুগ্ধ হয় শ্রুতিতে। অর্থাৎ এমন কিছু দৃশ্য বা শব্দ তরঙ্গ তাকে মুগ্ধ করে, যা সত্যিই অকল্পনীয়। আসলে চলচ্চিত্র এমনই একটি শিল্প মাধ্যম, যেখানে রয়েছে দৃষ্টি আর শ্রুতির নিবিড় মেলবন্ধন। চলচ্চিত্রের সেই আদি যুগে, ফরাসি দেশে লুমিয়ের ভ্রাতৃদ্বয় (Auguste Marie, Louis Nicolas Lumiere) থেকে শুরু করে বর্তমান সময়ের অত্যাধুনিক প্রযুক্তির খোলা দরজা পেরিয়েও চলচ্চিত্রশিল্প মানুষকে মুগ্ধ করে চলেছে। এখনও কোনো কালজয়ী সিনেমার কথা মনে করে দর্শক সেই সিনেমার বিশেষ কোনো দৃশ্যে নিজেকে হারিয়ে ফেলে। এই যে মুগ্ধতা এবং নিজেকে হারিয়ে ফেলা– তা একমাত্র সৃজনশীল শিল্পের জন্যই সম্ভব।

চলচ্চিত্রের নির্বাক যুগে চলমান দৃশ্য দেখে মানুষ যেমন অবাক হয়েছে, তেমনি খুশিও হয়েছে। একটি অভাবনীয় কাণ্ড মানুষ তখন নিজের চোখের সামনে ঘটতে দেখেছে। এই দেখার মধ্যে কৌতূহলের পাশাপাশি বিস্ময়ও ছিলো। এরপর চলচ্চিত্রে এলো সবাক যুগ। পর্দায় চলমান মানুষের ছবিগুলো এবার সত্যি সত্যিই যেন কথা বলে উঠলো। এবং এর আরও পরে এলো রঙিন চলচ্চিত্র। এই চলচ্চিত্র এসে মানুষের চৈতন্যের প্রায় সবটাই যেন দখল করে নেয়। কারণ চলচ্চিত্র এমনই সর্বগ্রাসী একটি মাধ্যম, যেখানে শিল্পকলার প্রতিটি শাখা উপস্থিত। কী নেই চলচ্চিত্রে? নাটক, চিত্রকলা, সঙ্গীত ইত্যাদির প্রভাব সত্ত্বেও চলচ্চিত্রশিল্প সম্পূর্ণ আলাদা বৈশিষ্ট্যে ভাস্বর। সাহিত্যের সাথে চলচ্চিত্রের সম্পর্ক অতি নিবিড়। কারণ বিশ্বব্যাপী অসংখ্য মহৎ সাহিত্যকর্ম সিনেমার রূপালি পর্দায় চিত্রায়িত হয়েছে। ইতালির বিশিষ্ট লেখক লুইগি বার্তোলিনি (Luigi Bartolini) দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে রোম শহরে এক দরিদ্র পিতা ও তার পুত্রের চুরি হয়ে যাওয়া সাইকেল অনুসন্ধানের একটি মর্মস্পর্শী গল্প রচনা করেছিলেন। পরে সে দেশের অন্যতম চলচ্চিত্রকার ভিত্তোরিও দে সিকা (Vittorio De Sica) গল্পটি অবলম্বনে নির্মাণ করেন কালজয়ী 'দি বাইসাইকেল থিফ' (The Bicycle Thief)। যদিও ছবিটি ইতালির একজন সাহিত্যিকের গল্প অবলম্বনে নির্মিত, কিন্তু সেই চলচ্চিত্রের কৃতিত্ব অবশ্যই নির্মাতা ভিত্তোরিও দে সিকা-র।

বাংলা চলচ্চিত্রের ইতিহাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় একটি চিরস্মরণীয় নাম। তাঁর কালজয়ী উপন্যাস 'পথের পাঁচালি' অবলম্বনে বিশ্ববরেণ্য চলচ্চিত্রকার সত্যজিৎ রায় নির্মাণ করেন 'পথের পাঁচালি', 'অপরাজিত' ও 'অপুর সংসার' নামে ত্রয়ী বা 'ট্রিলজি' চলচ্চিত্র। এককথায় এই ছবিগুলোও অসাধারণ। বাংলা সাহিত্যের ভাণ্ডারে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যকর্ম নিঃসন্দেহে অমূল্য সম্পদ। তাঁর সাহিত্য অবলম্বনে নির্মিত সত্যজিৎ রায়ের ছবিগুলোও বাংলা চলচ্চিত্র ভাণ্ডারের অসাধারণ সম্পদ হিসেবে বিবেচিত। বিষয়টি আরও স্পষ্ট করে বলা যায় যে, প্রতিটি শিল্প মাধ্যমের প্রকাশ ভঙ্গি আলাদা। সাহিত্যে 'পথের পাঁচালি'-তে যেভাবে গল্প বর্ণনা করা হয়েছে, চলচ্চিত্রে

[১]প্রাবন্ধিক নির্মাতা। E-mail: dutta209@gmail.com

সেভাবে বলা হয়নি। সেভাবে বলা যায়ও না। নমুনা হিসেবে একটি অংশ তুলে ধরা যেতে পারে। উপন্যাসে দৃশ্যটি এভাবে বর্ণনা করা হয়েছে–

'দেশের স্টেশনে নামিয়া বৈকালের দিকে সে হাঁটিতে হাঁটিতে গ্রামে আসিয়া পৌঁছিল। পথে বড় একটা কাহারও সহিত দেখা হইল না, দেখা হইলেও সে হনহন করিয়া উদ্বিগ্নচিত্তে কাহারও দিকে বিশেষ লক্ষ্য না করিয়া বাড়ির দিকে চলিল। দরজায় ঢুকিতে ঢুকিতে আপনমনে বলিল– উঃ দ্যাখো কাণ্ডখানা, বাঁশঝাড়টা ঝুঁকে পড়েছে একেবারে পাঁচিলের উপর। ভুবনকাকা কাটাবেনও না–মুস্কিল হয়েছে আচ্ছা। –পরে সে বাড়ির উঠানে ঢুকিয়া অভ্যাসমত আগ্রহের সুরে ডাকিল, ওমা দুগ্‌গা–ও অপু–

তাহার গলার স্বর শুনিয়া সর্বজয়া ঘর হইতে বাহির হইয়া আসিল। হরিহর হাসিয়া বলিল– বাড়ির সব ভাল? এরা সব কোথায় গেল? বাড়ি নেই বুঝি?'...

উপন্যাসের এই অংশটুকু সত্যজিৎ রায় তাঁর চলচ্চিত্রের জন্য চিত্রনাট্যে সাজিয়েছিলেন এভাবে:

(১)

'মেঘলা দিন। হরিহরের ভিটার পিছনের বাঁশবন।

Long Top Shot: দূর থেকে দেখা যায় হরিহর আসছে।

হরিহর: অপু!

(২)

মেঘলা দিন। ইন্দিরের দাওয়া।

Close up: হরিহরের গলার স্বর শুনে সর্বজয়ার reaction –গালটা হাত থেকে সামান্য সরে গিয়ে শাঁখাটা আলগা হয়ে একটুখানি নিচের দিকে নেমে এল।

(৩)

মেঘলা দিন। হরিহরের ভিটার দক্ষিণের পাঁচিলের পাশে।

Med Shot: হরিহর এসে থমকে দাঁড়ায়। একটা আমডাল ভেঙে পাঁচিলের উপর পড়ে তার খানিকটা অংশ ভেঙে দিয়েছে।

হরিহর: (স্বগত) ইস্, আর ক'টা দিন সবুর সইল না?

হরিহর ডালটা ডিঙিয়ে এগিয়ে আসে–Camera সঙ্গে সঙ্গে Pan করে।

হরিহর এগিয়ে এসে বাড়ির দিকে মুখ করে দাঁড়িয়ে তার ভগ্ন কোঠার দিকে চেয়ে থাকে। তারপর উঠোনের দরজার দিকে দ্রুবির গতির বাইরে চলে যায়। Camera আর Pan করে না–ভাঙা পাঁচিলের পিছনে ভাঙা গোয়ালে গরুটা জাবর কাটছে। তার পিছনে হরিহরের দাওয়া। [নেপথ্যে হরিহরের দরজা খুলে ঢোকার শব্দ]।

কিছুক্ষণ পরে হরিহরকে Long-এ দেখা গেল তার দাওয়ার সামনে পৌঁছেছে।

সে উদ্বিগ্নভাবে এদিক ওদিক চায়।

হরিহর: (উদ্বিগ্ন কণ্ঠে) দুর্গা।

সর্বজয়া হরিহরের পাশ দিয়ে গিয়ে সিঁড়ি দিয়ে দাওয়ায় ওঠে।

হরিহর: ও:–তুমি আছ।

সর্বজয়া: এসো...

হরিহর সিঁড়ি দিয়ে উঠতে শুরু করে।

এই যে ভিন্ন দু-টি মাধ্যম– সাহিত্য এবং চলচ্চিত্র, প্রকাশ ভঙ্গি আলাদা হলেও দু-টি মাধ্যম স্বতন্ত্র বৈশিষ্ট্যে উজ্জ্বল। প্রকাশ রীতিতে কখনও একটি মাধ্যম অপরটিকে অতিক্রম করলেও করতে পারে। কিন্তু তা সত্ত্বেও কোনো একটি বিশেষ মাধ্যমকে ছোট করে দেখা বা ভাবার উপায় নেই। তবে এ কথা ঠিক যে, চলচ্চিত্রে সৃজনশীলতার বহুমাত্রিক সুযোগ রয়েছে, যা অন্য কোনো শিল্পের বেলায় সীমিত। এখানে একজন সৃজনশীল নির্মাতা ইচ্ছে করলেই তাঁর বহুমাত্রিক ভাবনার ডানা অনায়াসেই চলচ্চিত্রের পর্দায় মেলে ধরতে পারেন। অর্থাৎ নির্মাতার ভাবনা এবং কল্পনাতে সৃষ্টির অপূর্ব সুযোগ রয়েছে সিনেমায়।

সৃজনশীল চলচ্চিত্রকার নিজের মনের রঙেই তাঁর চারপাশের পরিবেশ এমন কী বিশ্ব জগতকেও রাঙিয়ে তুলতে পারেন। একজন কবির মতোই চলচ্চিত্র নির্মাতার অবাধ স্বাধীনতা। শব্দ আর বাক্য বিন্যাসের মধ্য দিয়ে কবি তাঁর ভাবনাকে পাঠকের কাছে পৌঁছে দেন। ঠিক একইভাবে আলো আর শব্দের মাধ্যমে একজন কুশলী চলচ্চিত্রকার সিনেমার পর্দায় দৃশ্যকাব্য তৈরি করেন। কবিতা যেমন একান্তই কবির হৃদয় ও মননের প্রতিফলন, তেমনি 'Director's Media' নামে পরিচিত চলচ্চিত্রশিল্প অসংখ্য কলা-কুশলীর মিলিত প্রয়াস হলেও সেটির স্রষ্টা একান্তই নির্মাতার। উদ্ধৃতির জন্য আবারও বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কাছে হাত বাড়াতে হয়–

"আমারই চেতনার রঙে পান্না হল সবুজ,
চুনি উঠল রাঙা হয়ে।
আমি চোখ মেললুম আকাশে–
জ্বলে উঠল আলো
পুবে পশ্চিমে।
গোলাপের দিকে চেয়ে বললুম 'সুন্দর'–
সুন্দর হল সে'।...

Wishing a grand success
of
World Intellectual Property Day, 2014

Advocates Intellectual Property Law Alliance

35/A, Purna Paltan Line
VIP Road, Dhaka 1000
Phone : 880-1199-864967
E-mail: iplaw@bangla.net
Web: www.biplobd.com

দেশের উন্নয়নে ট্রেডমার্কের ভূমিকা

সেলিম আহমেদ চৌধুরী[১]

পৃথিবীর প্রায় প্রতিটি দেশে কম বেশী কলকারখানা রয়েছে যা মানুষের প্রয়োজনীয় দ্রব্যাদি উৎপাদন করে থাকে। পণ্যদ্রব্য যখন প্রতিযোগিতার উপযোগিতা সৃষ্টি করে তখন পণ্যের চাহিদা বৃদ্ধি পায়। শিল্প প্রতিষ্ঠান স্থাপন ও Technology রপ্ত করা সর্বদা একটি চ্যালেঞ্জের কাজ এবং একই সাথে সময় সাপেক্ষের বিষয়ও বটে। শিল্প প্রতিষ্ঠান ও Technology-এর সাথে ব্যবসা ও ধনী হওয়ার সম্পর্ক জড়িত। আবার সম্পূর্ণ Technology Transfer সহজ বিষয় নয়। অতীতে Technology গোপন করে কোন প্রতিষ্ঠান ব্যবসা করত। বর্তমানে মেধাসম্পদ সুরক্ষার মাধ্যমে প্রতিষ্ঠানটি তার Technology সংশ্লিষ্ট বিষয়াদি নির্দিষ্ট সময় পর্যন্ত সুরক্ষা করে একচেটিয়া ব্যবসা করতে পারে। এভাবে মেধাসম্পদ Commercialization এর মাধ্যমে তা দেশের উন্নতিতে অনেক অবদান রাখতে পারে।

যখন কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান কোন দ্রব্য তৈরী করে তখন তা সনাক্তকরণের জন্য পণ্যের গায়ে একটি শব্দ, শব্দসমূহ, ডিজাইন, লোগো ইত্যাদি আরোপিত করা হয়। ইহাই ট্রেডমার্ক নামে পরিচিত। যখন ক্রেতা কোন দ্রব্য ক্রয় করেন তখন উক্ত দ্রব্যের ট্রেডমার্ক উল্লেখ করে বিক্রেতার নিকট হতে তা ক্রয় করেন। সুতরাং দ্রব্য সনাক্তকরণের জন্য ট্রেডমার্ক অথবা ডিজাইন একটি গুরুত্বপূর্ণ বিষয়। একটি পণ্য যখন ভাল, টেকসই, মানসম্পন্ন ও ক্রেতার ক্রয়ক্ষমতার মধ্যে থাকে তখন সে পণ্যটির চাহিদা বৃদ্ধি পায়। তখন উক্ত পণ্যের ট্রেডমার্কটি তার মেধাসম্পদ বা Intellectual Property হিসেবে স্বীকৃতি লাভ করে। অর্থাৎ পণ্যের মূল্য ছাড়াও ট্রেডমার্কটির একটি আলাদা মূল্যের সৃষ্টি হয়। ইহাকে IP Value বলে। পণ্য যখন বাজারে প্রচুর পরিমানে বিক্রি হয় তখন এর থেকে সৃষ্ট লাভের ফলে যেমন প্রতিষ্ঠানটি লাভবান হতে পারে তেমনি সরকার ও দেশ উপকৃত হয়। এই লাভ ও উন্নতিকে ধরে রাখার লক্ষ্যে প্রতিটি রাষ্ট্রের শিল্প প্রতিষ্ঠানসমূহ তাদের উৎপাদিত দ্রব্যসমূহের প্রযুক্তি ও পণ্য পেটেন্ট, ডিজাইন বা ট্রেডমার্কের মাধ্যমে আইনগত সুরক্ষা পেতে পারে।

একটি দেশে একই পণ্য উৎপাদনকারী একাধিক কারখানা থাকতে পারে। কিন্তু ট্রেডমার্ক, ডিজাইন ও পেটেন্ট আইন এমন ভাবে প্রত্যেককে সুরক্ষা দেয় যাতে কারও সাথে কারও সংঘাত না বাধে। যাতে ক্রেতা সাধারন ক্ষতিগ্রস্থ না হোন বা শিল্প প্রতিষ্ঠান পরস্পর টিকে থাকতে পারে। উদাহরণ স্বরূপ জাপানের কয়েকটি টেলিভিশন নির্মাণকারী কোম্পানীর নাম উল্লেখ করা যায়। তাদের ভিন্ন ভিন্ন ট্রেডমার্ক রয়েছে, যেমনঃ Sony, National, Panasonic, Toshiba। প্রতিটি টেলিভিশনের যেমন নিজস্ব গুনাগুন রয়েছে এবং তেমনি দেশে ও বিদেশে সেটি সুষ্ঠু ও সুনামের সাথে বাজারজাত হয়ে আসছে। ট্রেডমার্ক আইনের আওতায় কোম্পানীসমূহ দেশে এবং মেধাসম্পদ বিষয়ক অন্যান্য আন্তর্জাতিক চুক্তির আওতায় অন্যান্য দেশে মেধাসম্পদ সুরক্ষা করে ব্যবসা করে থাকে। ট্রেডমার্ক আইন বা অন্যান্য মেধাসম্পদ আইনের অবর্তমানে কোম্পানীসমূহ তাদের ট্রেডমার্ক বা অন্যান্য মেধাসম্পদ নিয়ে দেশে ও বিদেশে সংঘাতের মধ্যে পড়ত। ফলশ্রুতিতে তাদের ব্যবসা হুমকির সম্মুখীন হতো এমনকি কারখানা বন্ধ হয়ে যাওয়ার সম্ভাবনা থাকত।

[১] পরীক্ষক (ট্রেডমার্ক ও আন্তর্জাতিক), DPDT. E-mail: selimexaminer@gmail.com

Intellectual Property and Economic Development in Bangladesh

Jamal Abdul Naser Chowdhury[1]

On April 11, 2012, the U.S. Commerce Department released a comprehensive report, entitled "Intellectual Property and the U.S. Economy: Industries in Focus," which found that intellectual property (IP)-intensive industries support at least 40 million jobs and contribute more than $5 trillion dollars to, or 34.8 percent of, U.S. Gross Domestic product (GDP).The report by the Economic & Statistics Administration(ESA) and the United states patent & Trademark office(USPTO) identifies 75 industries (from among 313, total) as IP-intensive. These IP-intensive industries support tens of millions of jobs and contribute several trillion dollars to America's GDP.

"Every job in some way, produces, supplies, consumes, or relies on innovation, creativity, and commercial distinctiveness," said Under Secretary of Commerce for Intellectual Property and USPTO Director David Kappos."

Intellectual property in developing countries like Bangladesh can play a vital role in its economic growth through a great contribution in GDP.IPR protection could be used as a vehicle for economic development through trade. By appropriating rights, the country could use its competitive advantage of reverse-engineering, adding value through adaptation of existing technology goods (knowledge goods) accessed in formal and non-formal means.

The significance of intellectual property rights in economic activity differs across countries and depends (1) on the amount of resources countries devote to creating intellectual assets as well as (2) the amount of protected knowledge and information used in production and consumption. One useful indicator for the magnitude of resources devoted to the creation of new knowledge and information is a country's expenditure on Research and Development (R&D). In most developing countries the portion of GDP devoted to R&D is below 1 percent.

The second channel through which IPRs influence economic activity is in the use of proprietary knowledge and information—owned by both domestic and foreign residents—in production and consumption. For low-income countries, the share of agricultural output is higher and the share of services is much lower than in high-income countries. This would suggest that IPRs, as they relate to agricultural processes and products, are more important in developing countries than in developed countries. However, the critical question in this context is: What share of information and knowledge in a given sector and country is proprietary, and what share of knowledge that would contribute to the development of a given sector is protected by IPRs? There are no obvious answers to these questions.

For developing countries, the share of services in output is much smaller compared to developed countries and the relevance of copyright is usually limited to artistic and literary property. The

[1] *Joint Secretary, Govt. of Bangladesh. Now working in DPDT as Registrar, Ministry of Industries. E-mail: registrar@dpdt.gov.bd; registrardpdt@yahoo.com*

protection of digital content is still not a major issue in developing countries, where computer and network penetration is much lower compared to industrial countries.

